দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 18 NOV 2016 .......
পৃষ্ঠা ১০ ... কলাম ... ৪ ......

# বুয়েটে ভর্তির সুযোগ পাওয়া বিপ্লবকে অর্থ সহায়তা

**নিজস্ব সংবাদদাতা, শেরপুর, ১৭ নবেম্বর ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ভর্তির সুযোগ পাওয়া শ্রীবরদীর শিক্ষার্থী বিপ্লব হোসেনকে আর্থিক সহায়তা দিয়েছেন জেলা প্রশাসক ডাঃ এএম পারভেজ রহিম। বুধবার রাতে জেলা প্রশাসক তার অফিস কক্ষে বিপ্লবের হাতে ভর্তিবাবদ ৭ হাজার টাকা তুলে দেন। একই সঙ্গে প্রেসক্লাব সভাপতি রফিকুল ইসলাম আঁধার তার হাতে যাতায়াত বাবদ ১ হাজার টাকা তুলে দেন। ওই সময় জেলা প্রশাসক বিপ্লবকে বুয়েটে ভর্তির পর সংশ্লিষ্ট দায়িত্বে থাকা মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মাকসুদুর রহমানের মাধ্যমে মাসিক নিয়মিত সহায়তা পেতেও আশ্বস্ত করেন। সহায়তা প্রদানকালে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম, জেলা কমিউনিটি পুলিশের সাধারণ সম্পাদক দেবাশীষ ভট্টাচার্য ও বিপ্লবের বাবা সুন্দর আলী উপস্থিত ছিলেন।

জানা যায়, শ্রীবরদী উপজেলার গড়জরিপা ইউনিয়নের গোপালখিলা গ্রামের হতদরিদ্র মোঃ সুন্দর আলী ও বিলকিস বেগমের সন্তান বিপ্লব হোসেন ২ ভাই ও ১ বোনের মধ্যে প্রথম। সে ২০১৪ সালে স্থানীয় গোপালখিলা উচ্চ বিদ্যালয় থেকে এসএসসিতে জিপিএ-৫ ও ২০১৬ সালে রাজধানী ঢাকার হামদর্দ পাবলিক কলেজ থেকে এইচএসসিতে জিপিএ-৫ লাভ করে। এরপর সে বুয়েট, ঢাবি ও কুয়েটে ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে সবটিতেই উত্তীর্ণ হয়ে ভর্তির সুযোগ পায়। তবে সে বুয়েটেই ভর্তি হতে ইচ্ছুক।